

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
দৌলতপুর, মানিকগঞ্জ

স্মারক নং ৫২.১২.৫৬৭০.০০০.০৬.০৩৩.২০ - ২২২

তারিখঃ ২০.০৯.২০২১খি.

বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন ' জনশুমারি ও গৃহগণনা ২০২১ ' এর মূল শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমের জন্য দৌলতপুর উপজেলার ০৮ (আট)টি ইউনিয়নের গণনাকারী এবং সুপারভাইজার পদে নিয়োগের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তে স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলাগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	যে সকল ইউনিয়নে গণনাকারী/ সুপারভাইজার প্রয়োজন	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১.	গণনাকারী	১. চরকাটারী(পদের সংখ্যা-০৩) ২. চকমিরপুর(পদের সংখ্যা-১৩) ৩. বাচামারা(পদের সংখ্যা-১৪) ৪. জিয়ানপুর (পদের সংখ্যা-০৬) ৫. বাঘুটিয়া(পদের সংখ্যা-১২) ৬. খলসি(পদের সংখ্যা-০৬) ৭. কলিয়া(পদের সংখ্যা-১১) ৮. ধামশ্বর (পদের সংখ্যা-১৭)	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন	১. ন্যূনতম এইচ.এস.সি বা সমমান। ২. নিজস্ব এক্সয়েড ফোন ও চালানোর দক্ষতার থাকতে হবে। ৩. পূর্ববর্তী কোন শুমারির কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
০২	সুপারভাইজার	১. চরকাটারী(পদের সংখ্যা-০১) ২. চকমিরপুর(পদের সংখ্যা-০৪) ৩. বাচামারা(পদের সংখ্যা-০২) ৪. জিয়ানপুর (পদের সংখ্যা-০২) ৫. বাঘুটিয়া(পদের সংখ্যা-০১) ৬. খলসি(পদের সংখ্যা-০১) ৭. কলিয়া(পদের সংখ্যা-০১) ৮. ধামশ্বর (পদের সংখ্যা-০২)	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন	১. ন্যূনতম স্নাতক বা সমমান। ২. নিজস্ব এক্সয়েড ফোন ও চালানোর দক্ষতার থাকতে হবে। ৩. পূর্ববর্তী কোন শুমারির কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলী

১. উপজেলা নির্বাহী অফিস এর ওয়েব সাইট www.daulatpur.manikganj.gov.bd অথবা উপজেলা পরিসংখ্যান অফিস এর ওয়েব সাইট www.bbs.daulatpur.manikganj.gov.bd থেকে নির্ধারিত আবেদন ফরম পাওয়া যাবে।

২. শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রমে গণনাকারীগণ ৭ (সাত) দিনে (২৫ অক্টোবর থেকে ৩১ অক্টোবর ২০২১) গড়ে ১০০-১২০ টি খানার অথবা জোনাল অফিসার কর্তৃক নির্ধারিত তথ্য সংগ্রহ করতে হবে এবং শুমারির সপ্তাহের পূর্ববর্তী ২ (দুই) দিন সংশ্লিষ্ট গণনা এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক সকল খানা তালিকাভুক্ত করবে।

৩. শুমারির তথ্য সংগ্রহ Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে।

৪. সুপারভাইজার / গণনাকারীগণ আবশ্যিকভাবে নিজস্ব এক্সয়েড ফোন ব্যবহার করে ই-ট্রেনিং এ অংশগ্রহণ করবে।

৫. ই-ট্রেনিং এ সফল হলেই কেবল শুমারিতে তথ্য সংগ্রহ ও তদারকি কাজে গণনাকারী ও সুপারভাইজারগণ চূড়ান্তভাবে মনোনীত হবেন।

৬. শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবে না।

৭. ভুল বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। একজন প্রার্থী একটিমাত্র পদে আবেদন করতে পারবে।

৮. সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডানপার্শ্বে পদের নাম উল্লেখপূর্বক আগামী ৩০-০৯-২০২১ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা পরিসংখ্যান অফিসে সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।

৯. মৌখিক পরীক্ষার সময় অবশ্যই নিজস্ব এন্ড্রয়েড ফোন ও সকল সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

১০. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ ডিএ প্রদান করা হবে না।

১১. ই-ট্রেনিং শেষে শুমারির জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসের নোটিশ বোর্ড এ এবং উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১২. নির্বাচিত প্রার্থী মূল শুমারির প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজে আগ্রহী নন বলে গণ্য হবে।

১৩. শুমারি চলাকালীন সময়ে কতৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পাদন করবেন, অন্যথায় তাকে কার্যক্রম থেকে বাতিল করা হবে।

১৪. ইতোপূর্ব যারা শুমারীতে চূড়ান্তভাবে কৃতকার্য হয়েছেন তাদের নতুন করে আবেদন করতে হবে না।

১৫. শুমারির জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ একাউন্ট নম্বর) সচল রাখা বাধ্যতামূলক।


১৬. এ নিয়োগ টি শুধুমাত্র শুমারি কার্যক্রম চলমান সময় পর্যন্ত বলবৎ থাকবে।

১৭. আবেদনপত্রের সাথে (ক) ২টি পাসপোর্ট সাইজের ছবি (খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সমূহের ফটোকপি (গ) এনআইডি কার্ডের ফটোকপি (নিজের এনআইডি কার্ড না থাকলে পিতা/মাতার এনআইডি কার্ডের ফটোকপি)

১৮. গণনাকারী ও সুপারভাইজার পদে ৫০% মহিলা কোটা পূরণ করা হবে (মহিলা প্রার্থী পাওয়া না গেলে পুরুষ প্রার্থী দিয়ে কোটা পূরণ করা হবে)।

১৯. আবেদনপত্রটি একটি খামে করে জমা দিতে হবে এবং খামের উপর পদের নাম, গ্রাম এবং ইউনিয়নের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

২০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্য গঠিত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


২০.০৭.২০২১

মোঃ ইমরুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, মানিকগঞ্জ

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ শীর্ষক প্রকল্পের
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
দৌলতপুর, মানিকগঞ্জ।

আবেদন ফরম

ফরম নং- _____

পদের নাম: _____

(অফিস কর্তৃক পূরণীয়)

(শুধুমাত্র A4সাইজ কাগজে প্রিন্ট করে প্রার্থী স্ব হস্তে পূরণ করুন)

১. প্রার্থীর নাম : ইংরেজি বড় অক্ষরে : _____
২. পিতার নাম : ইংরেজি বড় অক্ষরে : _____
৩. মাতার নাম : ইংরেজি বড় অক্ষরে : _____
৪. বর্তমান ঠিকানা C/O : _____
(ইংরেজি বড় অক্ষরে) HOLDING NO : _____
VILLAGE : _____
PO : _____
UPAZILA : _____
৫. জাতীয় পরিচয় পত্রের নম্বর (ইংরেজিতে) : _____
৬. জন্ম তারিখ (ইংরেজিতে) : _____
৭. যে মৌজায় কাজ করতে আগ্রহী : _____
(সর্বোচ্চ ০২টি মৌজার নাম লিখুন)
৮. শুমারি/জরিপ কাজে পূর্ব অভিজ্ঞতার বিবরণ : _____
(যদি থাকে)
৯. মোবাইল নম্বর (ইংরেজিতে) : _____
১০. নিজস্ব স্মার্ট ফোন আছে হ্যাঁ উত্তর হ্যাঁ হলে
কিনা? (বাম পার্শ্ব টিক চিহ্ন না আপনার ফোনের Android Verson:.....,
দিন) আপনার ফোনের স্ক্রীন সাইজ ইঞ্চি
১১. শিক্ষাগত যোগ্যতা : _____

পরীক্ষার নাম	বিভাগ/বিষয়	প্রাপ্ত জিপিএ/শ্রেণি	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। আমি আরও অঙ্গীকার করছি যে, আবেদনকৃত পদে নির্বাচিত হলে আমার উপর অর্পিত দায়িত্ব নির্দেশনা মোতাবেক নিষ্ঠা ও সততার সাথে পালন করব।

তারিখঃ

		0	1	2	0	2	0
--	--	---	---	---	---	---	---

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তিসমূহঃ

- ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
- খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- গ) সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজ (সত্যায়িত) ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের ছবি।
- ঘ) জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি।
- ঙ) পূর্ববর্তী শুমারিতে কাজের অভিজ্ঞতার স্বপক্ষে উপজেলা পবিসংস্থান অফিস হতে প্রাপ্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি।